

**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ  
রাজশাহী শাখা, রাজশাহী।**

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি। (অর্থস্থান আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, রাজশাহী শাখা, ঠিকানা - ৭০/৭১, মিরাপাড়া, (১ম তলা), সূহেব বাজার, রাজশাহী এর খণ্ডগ্রহীতা মেসার্স হোভা হাউজ, প্রোপাইটরঃ জনাব মোঃ মোস্তাক আহমেদ, পিতা- মৃত নইমুদ্দিন সরকার, ঠিকানাঃ সাং- বাজু বাঘা, থানা- বাঘা, জেলা- রাজশাহী কর্তৃক গৃহীত সিসি (হাইপো) খণ্ডের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রি কৃত বন্ধকী দলিলমুলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রি কৃত আমমোকার দাললমুলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংক কে প্রদান করা আছে। এছাড়াও জনাব মোস্তাক আহমেদ কর্তৃক গৃহীত হোমলোনের জামানত হিসাবে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি ব্যাংকের অনুকূলে দায়বদ্ধ রাখিয়াছেন। খণ্ডগ্রহীতাদ্বয় মঙ্গুরীপত্রের শর্ত মোতাবেক খণ পরিশোধ না করায় বিগত ৩০.০৫.২০১৫ ইং তারিখ পর্যন্ত খেলাপীঁখণ বাবদ ব্যাংকের পাওনা মূল ৬৩,৪৫,৭৫১.৬৪ (তেষটি লক্ষ পঁয়তালিশ হাজার সাত শত একান্ন টাকা চেম্পটি পয়সা এবং সুদ বাবদ ৯,৯৪,১০৩.৮২ টাকা ( নয় লক্ষ চুরানবই হাজার একশত তিন এবং পয়সা বিরাশি), মোট ৭৩,৩৯,৮৫৫.৪৬ ৮৬ (তিয়াত্র লক্ষ উনচলিশ হাজার আটশত পঞ্চাশ টাকা ছেচলিশ পয়সা) সহ অন্যান্য আনুসংজ্ঞিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে উক্ত খণ্ডের জামানত হিসাবে ব্যাংকের নিকট বন্ধকৃত নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি নিলাম বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলনোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তির তফসিল**

১। জেলা- রাজশাহী, থানা- বাঘা, মৌজা- বাজু বাঘা জে. এল. নং- ১৩৩, এস. এ. খতিয়ান নং- ১৫১৬, ১২৯৩, ২৫৭৬, ২২২০, ১৩০৯, ১৫৯০ এবং ১৩৭৬, আরএস খতিয়ান নং- ১৪৬৮, ৫৮৫, ১৪৬৫, ১৪৬৩, ১৪৭৪, ১৪৭৩ এবং ১৪৭২, প্রস্তাবিত খতিয়ান নং- ৪৬৯৭, সাবেক. দাগ নং- ৩০৭৭, ৩০৮১, ৩০৭৮, ৩০৭৯, ৩০৮০, ৩১২৫, ৩৫০৮ ৩৬৫৯, ৩০৯৯, ৩০৯৭, ৩০৯২ এবং ৩০৯৮, আর. এস. দাগ নং- ৬৫৩২, ৬৪৬৫, ৬৪৬৪, ৭১৩৪, ৭১৩৩, ৬৫২৩, ৬৫২৫, ৬৫১৮ এবং ৬৫২৪, মোট জমির পরিমাণ - ৬৪.৬২ শতাংশ এবং তদুপরিস্থিত ৮০০ বর্গফুট আয়তনের ১ তলা ভবন এবং ২০০০বর্গফুট আয়তনের নির্মানাধীন ১ তলা ভবন।

২। জেলা- রাজশাহী, থানা- বাঘা, মৌজা- বাজু বাঘা জে. এল. নং- ১৩৩, এস. এ. খতিয়ান নং- ১৩০৯, ১৫৯০, ১৩২৫, ২৫৭৬ ৩২০৫, এবং ২২২০, আরএস খতিয়ান নং- ১৪৭৪, ১৪৭৩, ১৪৭২ ১৪৬৫, ১৪৬৭, ১৪৬৩, প্রস্তাবিত খতিয়ান নং- ৪৬৯৬, সাবেক. দাগ নং- ৩০৯৯, ৩০৯২ ৩০৯৮, ৩০৯৮, ৩৫০৮ ২৯৭৭ এবং ৩৬৫৯, আর. এস. দাগ নং- ৬৫২৩, ৬৫২৫, ৬৫১৮, ৬৫২৪, ৬৪৬৪, ৬৪৬৫, ৬৬১৬, ৭১৩৪ এবং ৭১৩৩, মোট জমির পরিমাণ- ৫৩.৭৭ শতাংশ এবং তদুপরিস্থিত ৭৫০ বর্গফুট আয়তনের ১ তলা ভবন।

**নিলামের শর্তাবলী**

- (১) আগামী ২৮/০৬/২০১৫ ইং বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ রাজশাহীশাখা, রাজশাহী তে রক্ষিত বাঞ্ছে সরাসরি অথবা রেজিস্ট্রি কৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং এই দিনই ৪.০০- টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতা ক উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-আর্ডার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, রাজশাহীশাখা, রাজশাহী এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- (৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নবই) দিবসের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াঙ্গ হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াঙ্গ হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দরদাতা এক বা একাধিক তফসিলের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই তফসিলের সম্পত্তির জন্য আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাঙ্গ বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।